ঝিনাইদহের ২৬ কিলোমিটার সড়কে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন

পরিবেশের ভারসাম্য রক্ষা ও বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গিকার বাস্তবায়নে ঝিনাইদহে ২৬ কিলোমিটার সড়কে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকালে শৈলকুপা উপজেলার বসন্তপুর এলাকায় এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা প্রশাসক আব্দুল্লাহ আল মাসউদ। সেসময় জেলা প্রশাসনের কর্মকর্তা ছাড়াও সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানান, পরিবেশের ভারসাম্য রক্ষা ও সড়কপথকে সবুজে ঘেরা রাখতে ধারাবাহিকভাবে এ ধরনের বৃক্ষরোপণ কার্যক্রম অব্যাহত থাকবে। শেখপাড়া-লাঙ্গলবাধ সড়কের ২৬কিলোমিটার এলাকায় প্রায় ২ হাজার ৫০০চারা রোপন করা হবে বলে জানিয়েছেন তাঁরা।

ঝিনাইদহ জেলা প্রশাসক মো. আব্দুল্লাহ আল মাসউদ বলেন, জেলার প্রতিটি সড়কে পর্যায়ক্রমে সৌন্দর্যবর্ধক ও পরিবেশবান্ধব বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করা হবে। এই উদ্যোগের মাধ্যমে ঝিনাইদহ জেলাকে একটি নান্দনিক ও পর্যটন সম্ভাবনাময় জেলায় রূপ দেওয়ার লক্ষ্য নেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, এ ধরনের উদ্যোগ গ্রহণ করায় সড়ক ও জনপদ বিভাগকে স্বাগত জানাচ্ছি। একই সঙ্গে তিনি আশা প্রকাশ করেন, এখন থেকে তারা যে প্রকল্পগুলো গ্রহণ করবে, সেখানে পরিবেশকে অগ্রাধিকার দিয়ে বৃক্ষরোপণ কর্মসূচি অন্তর্ভুক্ত করা।

মেহেরপুর বন্ধুসভার বৃক্ষরোপন

ও বিতরণ কর্মসূচী পালিত

প্রথম আলো মেহেরপুর বন্ধুসভার বৃক্ষরোপন ও কর্মসুচী পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১টায় মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে কর্মসুচী পালিত হয়।

কর্মসুচীতে উপস্থিত ছিলেন, বন্ধুসভার সভাপতি ও সরকারি মহিলা কলেজের উপাধক্ষ আব্দুল্লাহ আল আমিন, সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ, বন্ধসভার যুগ্ন সম্পাদক আশিক রাব্বি, অ্যন্দ্রিয়া সরকার, ফারিয়া, শিমুলসহ বিদ্যালয়ের শিক্ষার্থীরা।

এসময় তিনটি আমড়া গাছের চারা রোপন করা হয় বিদ্যালয় প্রাঙ্গণে। ২০০টি ফলজ, বনজ গাছের চারা বিতরণ করা হয়। মেহগনি, লেবু, কদবেল, মহানিম, আমড়া গাছের চারা বিতরণ করা হয়।

বৃক্ষরোপন কর্মসুচীতে সভাপতি আব্দুল্লাহ আল আমিন বলেন, প্রতিটি শিক্ষার্থীকে দুটি করে বৃক্ষরোপন করতে হবে। আমাদের দেশ, আমাদের পরিবেশ, আমাদের সমাজ আমাদের দায়িত্ব তা রক্ষা করা। চলো গড়ি সবুজ দেশ। সড়কের পাশে খালি যায়গায় আমরা চারা গাছ রোপন করে সবুজে ভরে তুলি দেশ।

মেহেরপুর জেনারেল হাসপাতালে বৃক্ষরোপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সারা দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের সাথে সমন্নয় করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে বৃক্ষরোপন করা হয়েছে।

আজ রবিবার ১৩ আগষ্ট সকাল সাড়ে ১১টায় মেহেরপুর জেনারেল হাসপাতাল চত্বরে ১০০টি ভেষজ, ফলজ ও ফুলের গাছ রোপন করা হয়। এর আগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক

এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম ঢাকায় কেন্দ্রীয়ভাবে এই বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস ছাত্তার, আবাসিক মেডিকেল অফিসার ডা. মোখলেসুর রহমান পলাশ, ডা. ওবাইদুর রহমান, ডা. আব্দুর রশিদ, নার্স সুপারভাইজার নাজমা প্রমুখ।

মুজিবনগর আম্রকাননে ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী

“গাছ লাগান পরিবেশ বাঁচান” মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ঐতিহাসিক মুজিবনগর আম্রকাননকে বাঁচিয়ে রাখার প্রত্যয়ে মরহুম বীর মুক্তিযোদ্ধা দাউদ শেখ এর পুত্র বৃক্ষ প্রেমিক জহির শেখ প্রতি বছরের ন্যায় এবছরেও ঐতিহাসিক মুজিবনগর।

আম্রকাননে মরে যাওয়া গাছের স্হানে এবং পরিত্যেক্ত জায়গায় ব্যাক্তিগত উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা লুৎফুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ বৃক্ষ রোপন কর্মসূচির উদ্বোধন করেন,

এ সময় বিশিষ্ট সমাজসেবক ও যুবনেতা হাসানুজ্জামান লালটু, মোনাখালী ইউনিয়ন পরিষদের সদস্য ডালিম এবং উপজেলার বীর মুক্তিযোদ্ধা বৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিবছরের ন্যায় এ বছরেও নিজস্ব অর্থায়নে ও ব্যক্তিগত উদ্যোগে জহির শেখ ৪০টি হিমসাগর আমের চারা রোপন করবেন। তিনি রোপিত গাছগুলোকে বাঁচিয়ে রাখার জন্য সকল শ্রেণী পেশার মানুষের কাছে বিনীত অনুরোধ ও সহযোগীতা কামনা করেন।

এবার সবুজ শ্যামলে ভরে উঠবে কালাচাঁদপুর জেয়ালা বিলের দুপাড়ে

এবার সবুজে শ্যামলে ভরে উঠবে কালাচাঁদপুর জেয়ালার বিলের দুপাড়ে ষ্ট্রিপ বাগানে। শুধু বনজ নয় এখানে মানুষ খুজে পাবে তাদের কাঙিখত বিভিন্ন ওষধি ও বিভিন্ন ফলের গাছ।সবুজই প্রাণের স্পন্দন। বেঁচে থাকার মূলমন্ত্র। সবুজ মানেই প্রকৃতি। প্রকৃতি মানেই প্রাণ। প্রকৃতি না থাকলে মানুষ থাকবে না। এই উপলব্ধি নিয়ে মেহেরপুর বন বিভাগের উদ্যোগে মেহেরপুর শহরের কালাচাঁদপুর জেয়ালার বিলের দুপাড়ে ষ্ট্রিপ বাগান সৃজনের বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার (৭ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

মেহেরপুর সামাজিক বনবিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা জাফর উল্লাহ’র সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৃক্ষরোপন কর্মসূচিতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র সাহিনুর রমান রিটন। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বন কর্মকর্তা মাসুদুর রহমান মিশু। উপস্থিত ছিলেন এলাকার স্থানীয় গণ্যমান্য ব্যাক্তি ও বনবিভাগের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় মেহেরপুর শহরের জেয়ালা পাড়ের দু’পাশে বিভিন্ন প্রজাতীর ফলজ, বনজ ও ঔষধি গাছের প্রায় ২০০০ চারা লাগানো হয়।

চুয়াডাঙ্গায় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষরোপন সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

“বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদে বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, জেলা প্রশাসন ও সামাজিক বনবিভাগের যৌথ উদ্যোগে এবারের বৃক্ষমেলায় সকলের অংশগ্রহণ সত্যি প্রশংসনীয়। এবারের মেলায় ছাত্রছাত্রী, মহিলা, শিশু এবং সকলের অংশগ্রহণ মেলা সফল ও স্বার্থকতায় পরিপূর্ণতায় রুপ দিয়েছে।

দীর্ঘ করোনাকালীন প্রায় ৩ বছর বৃক্ষমেলা বন্ধ থাকায় এবারের মেলায় পর্যাপ্ত চারা বিক্রি হয়েছে। মেলা সফল ও স্বার্থকতায় রুপ দেওয়ায় তিনি বনবিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন বলেন, বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের যৌথ উদ্যোগে বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষ মেলা আজকে সম্পন্ন হয়েছে।

মেলার শুরু থেকে শেষ পর্যন্ত সকলে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। উক্ত সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা সামাজিক বনবিভাগের কর্মকর্তা বৃন্দ ও উক্ত মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন স্থান থেকে আগত নার্সারির মালিকবৃন্দ। উক্ত

সমাপনী অনুষ্ঠানে সকল স্টল মালিকদের হাতে ক্রেষ্ট পুরষ্কার বিতরণ করা হয়।

ঝিনাইদহে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে যুবলীগের বৃক্ষরোপন অভিযান

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন অভিযান শুরু হয়েছে।

সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত সদর উপজেলা যুবলীগের উদ্যোগে সদর হাসপাতাল, সিভিল সার্জন কার্যালয় ও ঝিনাইদহ কলেজ এলাকায় ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন ও বিতরণ করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দীকি সমির পক্ষে বৃক্ষরোপন ও বিতরণ করেন সদর উপজেলা যুবলীগের আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহীম খলিল রাজা।

এসময় উপস্থিত ছিলেন, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, ঝিনাইদহ কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও পৌর আওয়ামীলীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, অধ্যক্ষ বাদশা আলম, প্রভাষক কামাল হোসেন জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, যুবলীগ নেতা বাসের আলম সিদ্দিকী, ইকতিয়ার উদ্দিন,আশরাফুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

ঝিনাইদহে পৌর আওয়ামী লীগের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে পৌর আওয়ামী লীগের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালিত হয়েছে।

রোববার সকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়।

এসময় পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, সরকারি কেসি কলেজ ছাত্র লীগের সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় প্রতিষ্ঠান প্রাঙ্গণে ২০ টি গাছের চারা রোপন করা হয়। পর্যায়ক্রমে পৌর এলাকাসহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কয়েক হাজার গাছের চারা রোপন করা হবে বলে জানান আয়োজকরা।

আমঝুপি প্রজন্ম সংগঠনের বৃক্ষরোপন কর্মসূচী

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের বিভিন্ন সড়কের দু’পাশে, বিভিন্ন স্কুল, কলেজ, মাদরাসা, মসজিদ, কবরস্থানের পাশে আমঝুপ প্রজন্ম সংগঠনের উদ্যোগে ১০০টি বকুল গাছের চারা রোপন করা হয়েছে।

মঙ্গলবার সকালে আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চারা রোপনের উদ্বোধন করেন।

প্রজন্ম সংগঠনের প্রধান উপদেষ্টা মোঃ জহুরুল ইসলামের সভাপতিত্বে

বিশেষ অতিথি ছিলেন শিশু কিশোর সংস্কৃতি ও নাট্য সংগঠনের প্রধান উপদেষ্টা আসাদুজ্জামান (লিটন), “আমাদের আমঝুপি” সংগঠনের মুখপাত্র মিরাজ আহমেদ, সাংবাদিক শহিদুল ইসলাম । এসময় প্রজন্ম সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রজন্ম সংগঠনের পক্ষ থেকে বলা হয়, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রযাত প্রধান শিক্ষক মরহুম মামুন ইসলাম মুকুলের বিদায়ী আত্মার মাগফিরাত কামনা ও পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য এ কর্মসুচী গ্রহন করা হয়।
-আমঝুপি প্রতিনিধি